

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম

পাঠ ২ (সেই দিন এই মাঠ) সৃজনশীল প্রশ্ন

তারিখ: ২৬/০৯/২০ শনিবার

সৃজনশীল প্রশ্ন

১. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় তাঁর কথাসাহিত্যে প্রকৃতিকে একটি জীবন্ত চরিত্র হিসেবে সৃষ্টি করেছেন। বিশেষ করে ‘পথের পাঁচালী’ ও ‘আরণ্যক’ উপন্যাসে প্রকৃতি চিরকালের নবীনরূপে আবির্ভূত হয়েছে। অপু, দুর্গা এবং আরও অনেকে সেই চিরন্তন প্রকৃতির সন্তান। এরা যায়-আসে—থাকে না। কিন্তু প্রকৃতি চিরকালই নানা রূপ-রস-গন্ধ-বর্ণে বিরাজমান থাকে।

ক. কী ছাই হয়ে গেছে?

খ. ‘পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল’ বলতে কবি কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকের প্রকৃতি জ্ঞানার সঙ্গে ‘সেইদিন এই মাঠ’ কবিতার সাদৃশ্যপূর্ণ দিক ব্যাখ্যা কর।

ঘ. কবিতায় উল্লিখিত সভ্যতার বিবর্তনের সঙ্গে প্রকৃতির সম্পর্ক উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

২. আমার দেশের মাটির গন্ধে

ভরে আছে সারা মন

শ্যামল কোমল পরশ ছাড়া যে

নেই কিছু প্রয়োজন।

প্রাণে প্রাণে যেন তাই

এই সুর শুধু পাই

দিগন্ত জুড়ে সোনা রঙ ছবি

একে যাই সারাঞ্চণ।

ক. জীবনানন্দ দাশ কীভাবে মারা যান?

খ. মানুষের মৃত্যুতেও পৃথিবীর বহমানতা রহিত হয় না কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপক ও ‘সেই দিন এই মাঠ’ কবিতায় যে স্বপ্নছবি আঁকা হয়েছে তার তুলনা করো।

ঘ. উদ্দীপক ও ‘সেই দিন এই মাঠ’ কবিতার মূল সুর কী একই? তোমার যুক্তিতে বিশ্লেষণ কর।

কাজী শামসাদ শিখা